রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারী ২৯, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়

স্বাস্থ্য উইং

## প্রজ্ঞাপন

ঢাকা, ১৬ই ফাল্গুন, ১৩৯৪/২৯শে ফেব্রুয়ারী, ১৯৮৮

নং এস, আর, ও, ৫৭-আইন/৮৮।—Banglade h Homoeopathic Practitioners Ordinance. 1983 (XLI of 1983) এর section 16 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ বোর্ড অব হোমিওপ্যাথিক সিস[illegible]ম অব মেডিসিন এর সহিত আলোচনাক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন ঃ—

## প্রথ[illegible]

## [illegible]ম্ভিক

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা হোমিওপ্যাথগণের নিবন্ধন ও বোর্ড সদস্য নির্বাচন বিধিমালা, ১৯৮৭ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বি[illegible] অথবা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,

(ক) "অধ্যাদেশ" অর্থ Bangladesh Homoeopathic Practitioners Ordinance, 1983 (XLI of 1983);



মূল্যঃ টাকা ১·৪০

(খ) "নির্বাচন" অর্থ কোন সদস্যের নির্বাচন;

(গ) "নির্বাচন বিজ্ঞপ্তি" অর্থ বিধি ৯ এর অধীনে প্রকাশিত নির্বাচন বিজ্ঞপ্তি;

(ঘ) "প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী" অর্থ বিধি ১৪ এর বিধান মোতাবেক প্রস্তুতকৃত তালিকায় অন্তর্ভুক্ত কোন প্রার্থী;

(ঙ) "প্রার্থী" অর্থ বিধি ১০(১) এর অধীনে মনোনীত কোন প্রার্থী;

(চ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত কোন ফরম;

(ছ) "ব্যালটপত্র" অর্থ বিধি ১৭(২) এর অধীনে মুদ্রিত ব্যালটপত্র;

(জ) "বিভাগ" অর্থ বাংলাদেশের কোন প্রশাসনিক বিভাগ;

(ঝ) "সদস্য" অর্থ অধ্যাদেশের section (4)(b) এর অধীনে নির্বাচন যোগ্য কোন বোর্ড সদস্য।

## দ্বিতীয় খণ্ড

## হোমিওপ্যাথগণের নিবন্ধন ও তালিকাভুক্তি

২। হোমিওপ্যাথ হিসাবে নিবন্ধন, ইত্যাদি।—(১) কোন ব্যক্তি হোমিওপ্যাথ হিসাবে—

(ক) অধ্যাদেশের section 26 এর বিধানাবলীর অধীনে নিবন্ধিত হইতে চাহিলে, তিনি, বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে সময় সময় নির্ধারিত ফিস প্রদানক্রমে, রেজিস্ট্রার এর নিকট হইতে ফরম 'ক' সংগ্রহ করিয়া উক্ত ফরমে আবেদন করিবেন, এবং উক্ত ফরম পূরণ করিয়া উহার সহিত প্রয়োজনীয় কাগজপত্র ও বোর্ড কর্তৃক নির্ধারিত ফিস ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আকারে বোর্ড কার্যালয়ে জমা দিবেন; এবং

(খ) অধ্যাদেশের section 27 এর অধীন প্রস্তুতকৃত তালিকাভুক্ত হইতে চাহিলে, তিনি অধ্যাদেশ প্রবর্তনের পূর্বে তাঁহার দাখিলকৃত দরখাস্তের সূত্র উল্লেখপূর্বক বোর্ড কর্তৃক নির্ধারিত ফিস ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আকারে বোর্ড অফিসে জমা দিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কোন দরখাস্ত সম্পর্কে সন্তুষ্ট হইলে, রেজিস্ট্রার দরখাস্তকারীর নাম ফরম 'খ' তে বর্ণিত রেজিস্টার, অতঃপর নিবন্ধন বহি (১) বলিয়া উল্লিখিত, এ নিবন্ধন করিবেন অথবা, ক্ষেত্রমত, ফরম 'গ' তে বর্ণিত তালিকা, অতঃপর তালিকাবহি বলিয়া উল্লিখিত, তালিকাভুক্ত করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন প্রস্তুতকৃত রেজিস্টারসমূহ এই বিধিমালা অনুসারে সংরক্ষণ করিতে হইবে।

৩। রেজিষ্টারসমূহের অন্তর্ভুক্তির পরিবর্তন।—রেজিষ্টার (২) বা রেজিষ্টার (৩) এ কোন পরিবর্তন, সংশোধন বা অন্তর্ভুক্তি আবশ্যক হইলে, সংশ্লিষ্ট হোমিওপ্যাথ ইহার প্রয়োজনীয়তা প্রদর্শন করিয়া সংশ্লিষ্ট কাগজপত্রসহ বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত ফিস, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আকারে জমা দিয়া উহাসহ বোর্ড অফিসে দরখাস্ত পাঠাইবেন, তবে কোন মুদ্রণজনিত ভুল সংশোধন বা ঠিকানা পরিবর্তনের জন্য কোন ফিস লাগিবে না।

৪। রেজিষ্টারে অন্তর্ভুক্তির ক্রমিকতা।—নিবন্ধনকৃত বা তালিকাভুক্ত সমস্ত হোমিওপ্যাথের নাম এবং অন্যান্য বিবরণ তাঁহাদের নিবন্ধনের বা তালিকাভুক্তির তারিখের ক্রমানুসারের সংশ্লিষ্ট রেজিষ্টারে অন্তর্ভুক্ত ও পরবর্তী সমস্ত পরিবর্তন, সংযোজন বা সংশোধন রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

৫। নিবন্ধন বা তালিকাভুক্তির প্রত্যয়নপত্র ও উহার নবায়ন।—(১) নিবন্ধনকৃত অথবা তালিকাভুক্ত প্রত্যেক হোমিওপ্যাথ তাঁহার নিবন্ধন বা তালিকাভুক্তি সম্পর্কে একটি সনদপত্র লাভের অধিকারী হইবেন, এবং তিনি বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত ফিস জমা দিলে রেজিষ্টার ফরম 'ঘ'-তে উক্ত প্রত্যয়নপত্র প্রদান করিবেন এবং উহা তিন বৎসর বলবৎ থাকিবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে প্রদত্ত মূল প্রত্যয়নপত্র বিনষ্ট হতে, অপহৃত অথবা কোন ভাবে ক্ষতিগ্রস্ত হইলে, সংশ্লিষ্ট হোমিওপ্যাথ,—

(ক) উক্ত প্রত্যয়নপত্র হারাইয়া যাওয়া বা অপহৃত হওয়ার ক্ষেত্রে, দৈনিক পত্রিকায় এতদুদ্দেশ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন এবং পুলিশ কর্তৃপক্ষকে এ বিষয়ে অবহিতকরনের প্রমাণাদিসহ প্রত্যয়পত্রের অনুলিপির জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিসসহ আবেদন করিবেন;

(খ) অন্যান্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট পরিস্থিতি বর্ণনা এবং ক্ষেত্রমত, প্রমাণাদিসহ উক্ত প্রত্যয়নপত্রের অনুলিপির জন্য উক্ত ফিসসহ আবেদন করিবেন;

(৩) এইরূপ আবেদনপত্র সম্পর্কে সন্তুষ্ট হইলে রেজিস্ট্রার উক্ত অনুলিপি প্রদান করিবেন।

(৪) প্রত্যেক হোমিওপ্যাথ প্রতি তিন বৎসর পর পর, বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত ফিস, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আকারে জমা দিয়া, তাঁহার প্রত্যয়নপত্র রেজিস্ট্রার এর নিকট হইতে নবায়ন করাইয়া লইবেন।

(৫) উপ-বিধি (৪) অনুসারে কোন প্রত্যয়নপত্র নবায়ন না করা হইলে, সংশ্লিষ্ট হোমিওপ্যাথের নাম নিবন্ধন বহি (১) বা, ক্ষেত্রমত, তালিকাবহি হইতে বাদ দেওয়া হইবে।

## তৃতীয় খণ্ড

### বোর্ড সদস্য নির্বাচন

৬। নির্বাচন কর্মকর্তা।—নির্বাচন অনুষ্ঠান ও পরিচালনার জন্য চেয়ারম্যান বোর্ডের একজন কর্মকর্তাকে নির্বাচন কর্মকর্তা নিয়োগ করিবেন।

৭। ভোটার, ইত্যাদি হইবার যোগ্যতা।--স্বীকৃতিপ্রাপ্ত হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ব্যতীত অন্য কেহ নির্বাচনে ভোট দিতে অথবা প্রার্থী বা প্রস্তাবক বা সমর্থক হইতে পারিবেন না এবং উক্ত শিক্ষক শুধুমাত্র সংশ্লিষ্ট বিভাগের সদস্য নির্বাচনের জন্য ভোট দিতে এবং প্রার্থী বা প্রস্তাবক বা সমর্থক হইতে পারিবেন।

৮। ভোটার তালিকা প্রণয়ন।--(১) নির্বাচন কর্মকর্তা প্রতিটি বিভাগের জন্য উক্ত বিভাগে অবস্থিত স্বীকৃতিপ্রাপ্ত হোমিওপ্যাথিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত শিক্ষকদের একটি করিয়া তালিকা প্রণয়ন করিবেন।

(২) ভোটার তালিকার ব্যাপারে কোন আপত্তি বা অভিযোগ থাকিলে তাহা নির্ধারিত তারিখের মধ্যে দাখিলের আহবানের বিজ্ঞপ্তিসহ উক্ত তালিকা বোর্ডের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে এবং উক্ত বিজ্ঞপ্তি ও তালিকার একটি করিয়া অনুলিপি প্রতিটি কলেজে প্রেরণ করিতে হইবে।

(৩) আপত্তি প্রদানের জন্য নির্ধারিত তারিখের মধ্যে যে কোন শিক্ষক তাঁহার নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত না হওয়া বা অন্য কিছু অন্তর্ভুক্ত হওয়ার বিরুদ্ধে লিখিতভাবে এবং নিজ স্বাক্ষরে নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি উত্থাপন করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীনে উত্থাপিত আপত্তি সঠিক বলিয়া মনে করিলে, নির্বাচন কর্মকর্তা, প্রয়োজনবোধে সংক্ষিপ্ত তদন্তের পর, ভোটার তালিকায় প্রয়োজনীয় সংশোধন করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৪) মোতাবেক সংশোধিত ভোটার তালিকা বোর্ড কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে, এবং উহা চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(৬) নির্বাচন কর্মকর্তা কর্তৃক নির্ধারিত সময়ে ও স্থানে ভোটার তালিকা পরিদর্শন করা যাইবে এবং মূল্যস্বরূপ ৩০.০০ টাকা পরিশোধ করিয়া নির্বাচন কর্মকর্তার নিকট হইতে ভোটার তালিকা সংগ্রহ করা যাইবে।

৯। নির্বাচন বিজ্ঞপ্তি।—(১) ভোটার তালিকা প্রণয়নের পর নির্বাচন কর্মকর্তা নিম্ন-বর্ণিত টেবিল অনুসারে একটি বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকায় প্রকাশ করিবেন এবং উহার অনু-লিপি প্রতিটি স্বীকৃতিপ্রাপ্ত হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করিবেন—

টেবিল

| নির্বাচন কার্যক্রম | তারিখ নির্ধারণের নিয়মাবলী |
| --- | --- |
| মনোনয়নপত্র দাখিল | বিজ্ঞপ্তি প্রকাশের কমপক্ষে ১৫ দিন পর হইতে অনধিক পাঁচদিন ব্যাপী অফিস চলাকালীন সময়ে। |
| মনোনয়নপত্র বাছাই | মনোনয়নপত্র দাখিলের শেষ দিন হইতে তিন দিনের ভিতর নির্দিষ্ট কোন দিনে ও সময়ে। |

| নির্বাচন কার্যক্রম | তারিখ নির্ধারণের নিয়মাবলী |
| --- | --- |
| মনোনয়নপত্র প্রত্যাহার | মনোয়নপত্র বাছাই এর পরে তিন দিনের মধ্যে নিদ্দিষ্ট কোন দিন পর্যন্ত। |
| ব্যালটপত্র প্রেরণের শেষ দিন | মনোনয়নপত্র প্রত্যাহারের দুই সপ্তাহের মধ্যে নির্ধারিত কোন দিন। |
| ভোট প্রদত্ত ব্যালটপত্র গ্রহণের শেষ তারিখ | ব্যালটপত্র প্রেরণের শেষ দিনের পর অন্ততঃ ১৫ দিন পরে কোন তারিখ। |

(২) নির্বাচন কর্মকর্তা নির্বাচন বিজ্ঞপ্তিতে মনোনয়নপত্র ও ব্যালটপত্র গ্রহণের স্থান ও ও সময় উল্লেখ করিবেন।

১০। মনোনয়নপত্র দাখিল এবং বাছাই।—(১) নির্বাচন কোন প্রার্থী মনোনয়নের উদ্দেশ্যে মনোনয়নপত্র দাখিলের জন্য একজন প্রস্তাবক, একজন সমর্থক ও প্রার্থী নিজে ফরম 'ঙ' এর সংশ্লিষ্ট অংশ যথাযথভাবে পূরণ করিয়া বিধি-৯ এর অধীনে নির্ধারিত তারিখে ও সময়ের মধ্যে নির্বাচন কর্মকর্তার নিকটে দাখিল করিবেন।

(২) একজন প্রস্তাবক বা সমর্থক একাধিক প্রার্থীকে প্রস্তাব বা সমর্থন করিতে পারিবেন না।

(৩) উপ-বিধি (১) এর অধীনে দাখিলকৃত মনোনয়নপত্রের সহিত জামানত স্বরূপ ১০০০ টাকা ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডার আকারে রেজিষ্ট্রারের বরাবরে জমা করিয়া উক্ত ড্রাফট বা পে-অর্ডারের একটি অনুলিপি দাখিল করিতে হইবে।

(৪) মনোনয়নপত্রের ফরম বিনামূল্যে সরবরাহ করা হইবে।

(৫) মনোনয়নপত্র দাখিল হওয়ার পর নির্বাচন কর্মকর্তা উহার প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করিবেন এবং মনোনয়নপত্র সঠিকভাবে পূরণ করা হইয়াছে কি না দেখিবেন ও প্রয়োজনবোধে ভুল ভ্রান্তি সংশোধনের সুযোগ দিবেন।

(৬) মনোনয়নপত্র গ্রহণ করিবার পর নির্বাচন কর্মকর্তা উক্ত পত্রে জমাদানকারীর নাম, জমা দেওয়ার তারিখ ও সময় এবং ক্রমিক নম্বর সন্নিবদ্ধ করিবেন, এবং একটি রেজিষ্টারে উহা তালিকাভুক্ত করিবেন।

১১। মনোনয়নপত্র বাছাই।—(১) বিধি ৯(১) এ নির্ধারিত তারিখে ও সময়ে নির্বাচন কর্মকর্তা দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ বাছাই করিবেন।

(২) প্রত্যেক প্রার্থী ও তাঁহার প্রস্তাবক মনোনয়নপত্র বাছাইয়ের সময় উপস্থিত থাকিতে পারিবেন এবং নির্বাচন কর্মকর্তা তাঁহাদের অনুরোধে মনোনয়নপত্র সমূহ পরীক্ষা করিয়া দেখার জন্য তাঁহাদিগকে যথা সম্ভব সুযোগ দিবেন।

(৩) কোন মনোনয়নপত্র সম্পর্কে কেহ আপত্তি উত্থাপন করিলে নির্বাচন কর্মকর্তা সংক্ষেপে আপত্তির বিষয়বস্তু এবং তাঁহার সিদ্ধান্ত মনোনয়নপত্রের উপর লিপিবদ্ধ করিবেন।

(৪) রিটার্নিং অফিসার স্বেচ্ছায় অথবা উপ-বিধি (৩) এর অধীনে উত্থাপিত আপত্তির প্রেক্ষিতে প্রয়োজনবোধে সংক্ষিপ্ত অনুসন্ধানের পর কোন মনোনয়নপত্র বাতিল করিতে পারেন, যদি তিনি এই মর্মে সন্তুষ্ট হন যে,—

(ক) প্রার্থী, প্রস্তাবক বা সমর্থকের প্রয়োজনীয় যোগ্যতা নাই, অথবা

(খ) প্রার্থী, সমর্থক বা প্রস্তাবকের স্বাক্ষর তাঁহাদের নিজেদের নহে ঃ

তবে শর্ত থাকে যে—

(অ) কোন প্রার্থীর একটি মনোনয়নপত্র বাতিল হইবার কারণেই তাঁহার অন্য মনোনয়নপত্র (যদি থাকে) বাতিল বলিয়া গণ্য করা হইবে না; এবং

(আ) নির্বাচন কর্মকর্তা ছোট খাট ভুলের জন্য মনোনয়নপত্র বাতিল করিবেন না, বরং এই ধরণের ভুল-ভ্রান্তি সংশোধনের সুযোগ প্রদান করিবেন।

(৫) নির্বাচন কর্মকর্তা প্রতিটি মনোনয়নপত্রের উপর উহা গৃহীত বা বাতিল করা হইল এই মর্মে সুনির্দিষ্ট সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং কোন মনোনয়নপত্র বাতিল করিবার ক্ষেত্রে সংক্ষিপ্ত ইহার কারণ লিপিবদ্ধ করিবেন।

১২। আপীল।—(১) বিধি ২২ এর অধীনে বাতিলকৃত কোন মনোনয়নপত্র-এর প্রার্থী সমর্থক বা প্রস্তাবক উক্ত বাতিলকরণের বিরুদ্ধে চেয়ারম্যানের নিকট উক্ত বাতিলকরণের তিন দিনের মধ্যে আপীল পেশ করিতে পারিবেন।

(২) চেয়ারম্যান, প্রয়োজন বোধে সংক্ষিপ্ত তদন্তের পর, দায়েরকৃত আপীলসমূহ, আপীল দায়েরের তিন দিনের মধ্যে, নিস্পত্তি করিবেন এবং অবিলম্বে আপীলের সিদ্ধান্ত নির্বাচন কর্মকর্তাকে অবহিত করিবেন।

১৩। প্রার্থীপদ প্রত্যাহার।—বিধি ১১ ও ১২ এর বিধানাবলী মোতাবেক বৈধভাবে মনোনীত কোন প্রার্থী বিধি ৯(১) এ নির্ধারিত তারিখের মধ্যে তৎকর্তৃক স্বাক্ষরিত একটি লিখিতপত্র উক্ত প্রার্থী নিজে বা এতদুদ্দেশ্যে তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন ব্যক্তির মাধ্যমে নির্বাচন কর্মকর্তার নিকট দাখিল করিয়া তাঁহার প্রার্থীপদ প্রত্যাহার করিতে পারিবেন।

১৪। প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের তালিকা।—বিধি ১৩ এর অধীনে প্রার্থীপদ প্রত্যাহারের পর (যদি হয়), নির্বাচন কর্মকর্তা অবশিষ্ট প্রার্থীদের একটি তালিকা প্রস্তুত করিবেন এবং এইরূপ প্রার্থীগণ প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীরূপে চিহ্নিত হইবেন, এবং নির্বাচন কর্মকর্তা বিভাগ-ওয়ারী প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের আলাদা আলাদা তালিকা প্রস্তুত করিবেন এবং উহা বোর্ডের নোটিশ বোর্ডে প্রকাশ করিবেন।

১৫। প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর প্রাক-নির্বাচন মৃত্যু।—কোন নির্বাচনের পুর্বে কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর মৃত্যু হইলে, বিধি ১৬ এর বিধান সাপেক্ষে, অন্যান্য প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের মধ্যে নির্বাচন সীমিত থাকিবে।

১৬। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা।—(১) মনোনয়নপত্র বাছাই এবং প্রার্থীপদ প্রত্যাহারের পর যদি কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী না থাকে, তাহা হইলে নির্বাচন কর্মকর্তা চেয়ারম্যানের অনুমতিক্রমে, বিধি ৯ এর পদ্ধতি অনুসরণ করিয়া পুনরায় মনোনয়নপত্র আহ্বান এবং পরবর্তী কার্যক্রম গ্রহণ করিবেন।

(২) মনোনয়নপত্র বাছাই, প্রার্থী পদ প্রত্যাহার ও প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী, প্রাক-নির্বাচন মৃত্যু এর ফলে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর সংখ্যা যদি—

(ক) কোন বিভাগে মাত্র একজন হয়, তাহা হইলে নির্বাচন কর্মকর্তা তাঁহার কার্যালয়ের নোটিশ বোর্ডে ফরম 'চ' এই মর্মে ঘোষণা প্রকাশ করিবেন যে উক্ত প্রার্থী উক্ত বিভাগের সদস্য হিসাবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হইয়াছেন এবং উক্ত ঘোষণার একটি অনুলিপি বোর্ডের নিকট প্রেরণ করিবেন;

(খ) একাধিক হয়, তাহা হইলে ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে।

১৭। ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ।—(১) সকল নির্বাচন এই বিধিমালায় বিধৃত পদ্ধতিতে ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ করা হইবে।

(২) কর্মকর্তা প্রতি বিভাগের জন্য উক্ত বিভাগের প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের নামসম্বলিত প্রয়োজনীয় সংখ্যক ব্যালটপত্র ফরম 'ছ' তে ছাপাইয়া প্রতিটি ভোটারের নিকট একটি করিয়া ব্যালটপত্র প্রাপ্তি স্বীকার রশিদ সহ রেজিষ্ট্রী ডাকযোগে প্রেরণ করিবেন।

(৩) নির্বাচন কর্মকর্তা ভোটারের নিকট সরবরাহকৃত ব্যালটপত্রের উল্টা পৃষ্ঠা তাঁহার স্বাক্ষর ও সীলযুক্ত করিবেন, এবং উক্ত ব্যালটপত্রের মুড়ি স্বাক্ষরিত করিয়া তাঁহার নিকট রাখিবেন।

(৪) নির্বাচন কর্মকর্তা ব্যালটপত্র ভোটারের নিকট প্রেরণের সময় উহার সহিত নির্বাচন কর্মকর্তার ঠিকানা ও উহা রেজিষ্ট্রী ডাকযোগে ফেরৎ প্রাপ্তির উদ্দেশ্যে প্রাপ্তি স্বীকার রশিদসহ প্রয়োজনীয় ডাক টিকিট সম্বলিত একটি ফাঁকা খাম প্রেরণ করিবেন, এবং ব্যালট পত্রে ভোট প্রদানের পর ব্যালট পত্রটি উক্ত ফাঁকা খামে বন্ধ করিয়া উহা ডাক যোগে বা ব্যক্তিগতভাবে নির্বাচন কর্মকর্তার নিকট, নির্দিষ্ট তারিখের মধ্যে, পৌছাইবার অনুরোধ সম্বলিত একটি পত্র দিবেন।

(৫) কোন ভোটার ব্যালটপত্র প্রাপ্ত হন নাই শুধুমাত্র এই অজুহাতে কোন নির্বাচন বাতিল করা হইবে না।

(৬) যদি কোন ব্যালটপত্র অবিলিকৃত অবস্থায় ফেরত আসে, তাহা হইলে নির্বাচন কর্মকর্তা পুনরায় একটি ব্যালটপত্র, ভোটারের লিখিত আবেদনের প্রেক্ষিতে, বিধি ৯ এ নির্ধারিত ভোট প্রদত্ত ব্যালটপত্র গ্রহণের সময় অতিক্রান্ত না হইলে, সংশ্লিষ্ট ভোটারের নিকট পাঠাইবার ব্যবস্থা করিবেন।

১৮। ভোট প্রদান।—(১) প্রত্যেক ভোটার একটি করিয়া ভোট দিতে পারিবেন।

(২) প্রত্যেক ভোটার ব্যালটপত্র প্রাপ্তির পর তিনি যে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে ভোট দিতে ইচ্ছুক ব্যালটপত্রে তাঁহার নামের পার্শ্বে গোপনীয়ভাবে একটি ক্রস "×" চিহ্ন দিবেন; অতঃপর ব্যালট পত্রটি নির্বাচন কর্মকর্তার নিকট হইতে প্রাপ্ত খামে করিয়া নির্বাচন কর্মকর্তার নিকট ডাকযোগে বা ব্যক্তিগতভাবে পাঠাইবেন যেন উহা বিধি ৯ এর অধীনে নির্ধারিত তারিখ ও সময় অতিক্রান্ত হওয়ার পূর্বেই পৌঁছায়।

(৩) ব্যালটপত্র উক্ত নির্ধারিত তারিখ এবং সময়ের পরে নির্বাচন কর্মকর্তার নিকট পৌঁছিলে তাহা বাতিল বলিয়া গণ্য হইবে।

১৯। ভোট গণনা।—(১) ভোট প্রদত্ত ব্যালটপত্র গ্রহণের নির্ধারিত তারিখের আসন্ন পরবর্তী কার্যদিবসে সকাল ৮-০০ ঘটিকার সময় নির্বাচন কর্মকর্তা তাঁহার কার্যালয়ে ভোট গণনা শুরু করিবেন।

(২) ভোট গণনার কাজে নির্বাচন কর্মকর্তা তাঁহার কার্যালয়ের অন্যান্য কর্মকর্তা বা কর্মচারীদের সহযোগীতা গ্রহণ করিতে পারিবেন।

(৩) প্রার্থী বা তৎকর্তৃক লিখিতভাবে ক্ষমতাপ্রদত্ত একজন প্রতিনিধি ভোট গণনার সময়ে উপস্থিত থাকিতে পারিবেন।

(৪) নির্বাচন কর্মকর্তা নিম্নবর্ণিত কোন পত্রকে ব্যালট বাতিল বলিয়া ঘোষণা করিবেন, যদি উহাতে—

(ক) নির্বাচন কর্মকর্তার সীল ও স্বাক্ষর না থাকে।

(খ) প্রার্থীর নামের সামনে যথাযথ ক্রুস চিহ্ন না থাকে বা একাধিক '×' চিহ্ন থাকে।

(গ) যদি এমন কোন চিহ্ন দেওয়া হয় যাহা দ্বারা ভোটার নিজেই সনাক্ত হইয়া পড়েন,

(ঘ) এমনভাবে ক্রুস '×' চিহ্ন দেওয়া থাকে যে, কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর বরাবরে ভোট দেওয়া হইয়াছে তাহা নির্ণয় করা সম্ভব নহে।

(৫) উপ-বিধি (৪) এর অধীনে বাতিলকৃত এবং বিধি ১৮(৩) এর অধীন বাতিল বলিয়া গণ্য ব্যালটপত্রগুলি ব্যতিরেকে অন্যান্য ব্যালটপত্র বৈধ বলিয়া বিবেচিত হইবে এবং উহাদের গণনার ভিত্তিতে প্রতিটি বিভাগের সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী নির্ধারিত হইবে।

(৬) সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর সংখ্যা একাধিক হইলে, নির্বাচন কর্মকর্তা তৎক্ষণাৎ লটারীর ব্যবস্থা করিবেন এবং লটারীর মাধ্যমে তাঁহাদের মধ্যে একজনকে সর্বোচ্চ ভোট প্রাপ্ত বলিয়া নির্ধারণ করিবেন; এবং অনুরূপ লটারী ও উহার ফলাফল ফরম 'জ' তে লিপিবদ্ধ করিয়া উহার একটি অনুলিপি বোর্ডের নিকট প্রেরণ করিবেন।

২০। নির্বাচনের নথিপত্র ও বিবরণাদি।—(১) ভোট গণনার পর নির্বাচন কর্মকর্তা কাগজাদি ও বিবরণী ভিন্ন ভিন্ন মোড়কে সংরক্ষণ করিয়া উক্ত মোড়ক সীলমোহরকৃত করিবেন; যথাঃ—

(ক) বৈধ ব্যালটপত্র সমূহ,

(খ) বিধি ১৯(৪) ও ১৮(৩) এর অধীনে বাতিলকৃত বা বাতিল বলিয়া গণ্য ব্যালটপত্রসমূহ।

(গ) ফরম 'জ'তে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ কর্তৃক প্রাপ্ত ভোট বিবরণী এবং বিধি ১৯(৬) এর অধীনে লটারী হইলে উহার বিবরণী;

(ঘ) মুড়িসমেত অব্যবহৃত ব্যালটসমূহ;

(ঙ) ব্যবহৃত ব্যালটপত্রের মুড়ি;

(চ) চিহ্নিত ভোটার তালিকা;

(২) উপ-বিধি(১) উল্লিখিত মোড়ক ও বিবরণীতে নির্বাচন কর্মকর্তা নিজে দস্তখত করিবেন ও প্রার্থী বা তাঁহার প্রতিনিধির দস্তখত গ্রহণ করিবেন।

(৩) উপ-বিধি (১) ও (২) এ উল্লিখিত মোড়ক ও বিবরণী ছাড়াও নির্বাচন কর্মকর্তা ব্যালটপত্রের একটি হিসাব ফরম 'ঝ'তে লিপিবদ্ধ করিবেন, এবং এই হিসাবে নিম্নোক্ত তথ্যাদি থাকিবেঃ

(ক) ছাপানো ব্যালটপত্রের মোট সংখ্যা নং;

(খ) ভোটারগণ কর্তৃক প্রেরিত এবং গণনাকৃত ব্যালটপত্রের সংখ্যা;

(গ) অবিলিকৃত ব্যালটপত্রের সংখ্যা;

(৪) নির্বাচন কর্মকর্তা উপ-বিধি (১), (২) ও (৩) এর অধীনে প্রস্তুতকৃত মোড়ক ও বিবরণীসমূহ চেয়ারম্যানের নিকট প্রেরণ করিবেন।

২১। নির্বাচনের ফলাফল।—বিধি ২০ এর অধীনে নির্বাচন সংক্রান্ত কাগজপত্র ও বিবরণাদি প্রাপ্তির পর, বিধি ২৬ এর বিধান সাপেক্ষে, চেয়ারম্যান সংশ্লিষ্ট বিভাগের সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে বা ক্ষেত্রমত, বিনা প্রতিদ্বন্দ্বিতায় প্রার্থীকে নির্বাচিত ঘোষণা করিয়া ফরম 'ঞ'তে একটি ঘোষণা বোর্ডের নোটিশ বোর্ডে প্রকাশ করিবেন।

২২। নির্বাচনী আবেদন।—(১) বিধি ২১ এর অধীনে নির্বাচনের ফলাফল ঘোষণার দশ(১০) দিনের মধ্যে যে কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী উক্ত ফলাফলের বৈধতা সম্পর্কে প্রশ্ন উত্থাপন করিয়া চেয়ারম্যানের নিকট আপীল করিতে পারেন।

(২) উপ-বিধি (১) এর অধীনে দায়েরকৃত আবেদনে সংক্ষেপে উক্ত প্রশ্ন উত্থাপন করিবার কারণসমূহ লিপিবদ্ধ করিতে হইবে।

(৩) চেয়ারম্যান আবেদনকারীকে ও নির্বাচন কর্মকর্তাকে শুনানীর সুযোগ দিবেন এবং প্রয়োজনে সাক্ষী-সাবুদ গ্রহণ করিয়া কোন নিবাচনের ফলাফল সম্পূর্ণ বা আংশিক বহাল অথবা বাতিল করিতে পারিবেন এবং তাহার সিদ্ধান্ত ও উহার যুক্তি সংক্ষেপে লিপিবদ্ধ করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীনে কোন নির্বাচন বাতিল বলিয়া ঘোষিত হইলে, এই বিধিমালার বিধান মোতাবেক নূতনভাবে নির্বাচন অনুষ্ঠিত হইবে।

২৩। উপ-নির্বাচন।—(১) অধ্যাদেশের sections ১০ ও ১১ এর বিধান মোতাবেক কোন সদস্যের পদ শূন্য হইলে, অধ্যাদেশের section 5 এর বিধান সাপেক্ষে, উক্ত পদের জন্য উপ-নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(২) উপ-নিবাচন অনুষ্ঠানের ক্ষেত্রে, নির্বাচনের জন্য এই বিধিমালার যে বিধানাবলী প্রযোজ্য হয় সে বিধান প্রযোজ্য হইবে।

২৪। জামানতের অর্থ বাজেয়াপ্ত।—যে কোন বিভাগে প্রদত্ত মোট ভোটের শতকরা দশভাগ ভোট কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী পাইতে ব্যর্থ হইলে তাঁহার জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে।

২৫। নির্বাচনী নথিপত্র বিনষ্টীকরণ।—বিধি ২০ (৪) এর অধীনে চেয়ারম্যানের নিকট প্রেরিত সকল কাগজপত্র এক বছর পর্যন্ত সংরক্ষিত করা হইবে এবং তৎপর উহা বিনষ্ট করা হইবে।

জে, এ, রশীদ
উপ-সচিব।

ক্রমিক নং........

ফরম-ক

[বিধি ২(১) দ্রষ্টব্য]

বাংলাদেশ বোর্ড অব হোমিওপ্যাথিক সিসটেম অব মেডিসিন

হোমিওপ্যাথি হিসাবে নিবন্ধনে/তালিকাভুক্তির আবেদনপত্র

তিন কপি পাসপোর্ট
সাইজ ছবি সংযুক্ত
করিতে হইবে

(নিম্নলিখিত বিবরণ সঠিকভাবে প্রদান করুন)

১। নাম ..........................................................

২। পিতা/স্বামীর নাম ..................................................

৩। ঠিকানা : (ক) বর্তমান ................................................

(খ) স্থায়ী : গ্রাম ....................ডাকঘর...............

উপজেলা ...............জেলা ...............

(গ) চিকিৎসা/ব্যবসার স্থান ..........................................

..........................

৪। জন্ম তারিখ..............(এস,এস,সি বা সমমানের সার্টিফিকেট অনুসারে) বয়স............

৫। পুরুষ/মহিলা .................... ৬। জাতীয়তা ..................

৭। ধর্ম ........................ ৮। সাধারণ শিক্ষাগত যোগ্যতা ....

৯। চিকিৎসা বিষয়ক যোগ্যতা :

(ক) আপনি কোন স্বীকৃতিপ্রাপ্ত হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠান হইতে শিক্ষাপ্রাপ্ত হইলে তাহার বিবরণ লিখুন:

(১) হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠানের নাম ..............................

(২) কোন বৎসর পাশ করিয়াছিলেন ......................................

(৩) ডিগ্রী/ডিপ্লোমা.....................(সার্টিফিকেট সংযুক্ত করুন)

(খ) আপনি কত দিন হইতে হোমিওপ্যাথ হিসাবে কর্মরত ....................

(গ) আপনি কি বৈদেশিক হোমিওপ্যাথিক বোর্ড কর্তৃক রেজিষ্ট্রেশন প্রাপ্ত হইয়াছিলেন? যদি তাহা হয় রেজিষ্ট্রেশন নম্বরসহ বিস্তারিত দিন:

(ঘ) আপনি কি সরকার কর্তৃক স্বীকৃতপ্রাপ্ত ( ) হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠান হইতে চিকিৎসাগত যোগ্যতা লাভ করিয়াছিলেন? যদি তাহা হয় তার বিস্তারিত বিবরণ দিন:

(১) শিক্ষা প্রতিষ্ঠানের নাম ........................................

(২) যোগ্যতা গ্রহণের বৎসর ........................................

(৩) ডিপ্লোমা/ডিগ্রী ........................................

আমি হলপ করিয়া বলিতেছি উপরে আমি যে বিবরণ প্রদান করিয়াছি তাহা সম্পূর্ণ সত্য এবং আমি কোন বিষয় গোপন করি নাই।

সংশ্লিষ্ট কাগজপত্র এতদসংগে যুক্ত করিলাম।

তারিখ: আবেদনকারীর স্বাক্ষর।

ফরম-খ

[বিধি ২(২) দ্রষ্টব্য]

নিবন্ধন বহি

| নিবন্ধন নং ও তারিখ | হোমিওপ্যাথের নাম | পিতার নাম | ঠিকানা (ক) বর্তমান (খ) স্থায়ী | জন্ম তারিখ | পুরুষ/মহিলা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

| ধর্ম | জাতীয়তা : জন্মগত/ ডোমিসাইলড | সাধারণ শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | কখন হইতে চিকিৎসা কার্যে-রত আছেন পূর্ণকালীন / খণ্ডকালীন | উত্তীর্ণ হোমিও-প্যাথিক শিক্ষা কোর্সের/প্রশিক্ষণ কোর্সের নাম ও প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|
| ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | |

| হোমিওপ্যাথিক শিক্ষা কোর্স/ প্রশিক্ষণ কোর্সের বৎসর, তারিখ ও রেজিষ্ট্রেশন নং | নিবন্ধনকারী কর্ম-কর্তার স্বাক্ষর ও তারিখ | মন্তব্য | পরিবর্তন সম্পর্কিত ইংগিত | নবায়ন ও রেজিষ্ট্রারের স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| | | | | | |

ফরম-গ

[বিধি ২(২) দ্রষ্টব্য]

তালিকা বহি

| তালিকাভুক্তির ক্রমিক নং ও তারিখ | হোমিওপ্যাথের নাম | পিতার নাম | ঠিকানা (ক) বর্তমান | ঠিকানা (খ) স্থায়ী | জন্ম তারিখ | পুরুষ/মহিলা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ |
| | | | | | | |

| ধর্ম | জাতীয়তা: জন্মগত/ডোমিসাইল্ড | সাধারণ শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | কখন হইতে চিকিৎসা কার্যে রত আছেন: পূর্ণকালীন | কখন হইতে চিকিৎসা কার্যে রত আছেন: খণ্ডকালীন | উত্তীর্ণ হোমিওপ্যাথিক শিক্ষা কোর্সের/প্রশিক্ষণ কোর্সের নাম ও প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|---|
| ৭ | ৮ | ৯ | ১০ | | ১১ |
| | | | | | |

| হোমিওপ্যাথিক শিক্ষা কোর্স/প্রশিক্ষণ কোর্সের বৎসর, তারিখ ও রেজিস্ট্রেশন নং | নিবন্ধনকারী কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ | মন্তব্য | পরিবর্তন সম্পর্কিত ইংগিত | নবায়ন ও রেজিস্ট্রারের স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| | | | | | |

ফরম-ঘ

[বিধি ৫(১) দ্রষ্টব্য]

বোর্ড অব হোমিওপ্যাথিক সিষ্টেম অব মেডিসিন

হোমিওপ্যাথ হিসাবে নিবন্ধনের/তালিকাভুক্তির সনদপত্র

এতদ্বারা প্রত্যায়ন করা যাইতেছে যে জনাব/জনাবা........................ ........................, পিতা/স্বামী ........................ গ্রাম/শহর ........................, ডাকঘর ........................, উপজেলা ........................, জেলা ........................, হোমিওপ্যাথ হিসাবে নিবন্ধিত/তালিকাভুক্তি হইয়াছেন। নিবন্ধন বহি (১)-এ/তালিকা বহিতে তাঁহার ক্রমিক নং........................।

এই সনদপত্র নিম্নবর্ণিত সময় পর্যন্ত বলবৎ থাকিবে :

তারিখ :

রেজিষ্ট্রার

সীল ও স্বাক্ষর।

| প্রথমবার প্রদানের ক্ষেত্রে | নবায়ন | নবায়ন | নবায়ন | নবায়ন | নবায়ন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| পর্যন্ত<br>স্বাক্ষর | পর্যন্ত<br>স্বাক্ষর | পর্যন্ত<br>স্বাক্ষর | পর্যন্ত<br>স্বাক্ষর | পর্যন্ত<br>স্বাক্ষর | পর্যন্ত<br>স্বাক্ষর |

রেজিষ্ট্রার

ফরম-"ঙ"

[বিধি ১০(১) দ্রষ্টব্য]

সদস্য নির্বাচনের মনোনয়নপত্র

প্রস্তাবক কর্তৃক পূরণযোগ্য

১। আমি .........................., পিতা ..............................
(প্রস্তাবকের নাম)
ঢাকা/খুলনা/রাজশাহী, চট্টগ্রাম বিভাগের ভোটার তালিকার ..............নম্বর ভোটার ..............................হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজের শিক্ষক ও উক্ত বিভাগের ভোটার তালিকার .............. নং ভোটার জনাব .............. .................., পিতা .............., গ্রাম ..............,
(স্থায়ী ঠিকানা)
ডাকঘর .........................., উপজেলা .................,
জেলা ...................., কে বোর্ডের সদস্যপদের প্রার্থী হিসাবে প্রস্তাব করিতেছি।

২। আমি অন্য কোন মনোনয়ন পত্রে প্রস্তাবক বা সমর্থক হিসাবে স্বাক্ষর করি নাই।

....................
প্রস্তাবকের স্বাক্ষর।

সমর্থক কর্তৃক পূরণযোগ্য

১। আমি .........................., পিতা ..............................
(সমর্থকের নাম)
ঢাকা/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম ভোটার তালিকার ..................নম্বর ভোটার। ....................হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজের শিক্ষক ও নির্বাচনী এলাকার ভোটার তালিকার ..............নং ভোটার জনাব ..................,
পিতা .........................., গ্রাম ..............................,
ডাকঘর .........................., উপজেলা ..............................,
(স্থায়ী ঠিকানা)
জেলা ..............................কে বোর্ডের সদস্যপদের প্রার্থী হিসাবে সমর্থন করিতেছি।

২। আমি অন্য কোন মনোনয়নপত্রে প্রস্তাবক বা সমর্থক হিসাবে স্বাক্ষর করি নাই।

সমর্থকের স্বাক্ষর।

ফরম-ঙ

## প্রার্থীর ঘোষণা

আমি ........................,পিতা ........................,
গ্রাম ........................,ডাকঘর ........................,
উপজেলা ........................,জেলা ........................,
বিভাগ ........................,এবং ........................,
হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজের শিক্ষক ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগের ভোটার তালিকার ..................নম্বর ভোটার এবং আমি ঘোষণা করিতেছি যে আমি উল্লিখিত প্রস্তাবে সম্মতি দিয়াছি।

............
প্রার্থীর স্বাক্ষর।

## বাছাই এর বিবরণী

(নির্বাচন কর্মকর্তা কর্তৃক পূরণযোগ্য)

(ক) মনোনয়নের বিরুদ্ধে আপত্তি থাকিলে তাহার সংক্ষিপ্ত বিবরণ :

(খ) মনোনয়নপত্র বাতিলযোগ্য হইলে তাহার সংক্ষিপ্ত বিবরণ :

(গ) মনোনয়নপত্র বাতিলকরণ/গ্রহণ সম্পর্কে নির্দিষ্ট সিদ্ধান্ত :

তারিখ :

..............
নির্বাচন কর্মকর্তা।

ফরম-চ

[বিধি ১৬(২) (ক) দ্রষ্টব্য]

বিনা প্রতিদ্বন্দ্বিতায় সদস্য নির্বাচিত হওয়ার ঘোষণা

১। বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীর নাম.................................

২। উক্ত প্রার্থীর ঠিকানা.................................

৩। সংশ্লিষ্ট ভোটার তালিকায় উক্ত প্রার্থীর ক্রমিক নম্বর.................................

এতদ্বারা ঘোষণা করা যাইতেছে যে, উপরিউক্ত প্রার্থী.................................
বিভাগ হইতে বোর্ড সদস্য হিসাবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হইয়াছেন।

তারিখ :

.....................

নির্বাচন কর্মকর্তার দস্তখত।

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অত্র ঘোষণার অনুলিপি প্রেরণ করা হইল।

১। .........................

২। .........................

তারিখ :

.....................

নির্বাচন কর্মকর্তার দস্তখত।

ফরম-ছ

[বিধি-১৭(১) দ্রষ্টব্য]

ব্যালটপত্র

ক্রমিক নং..................

বোর্ড অব হোমিওপ্যাথিক সিসটেম অব মেডিসিন এর সদস্য নির্বাচন

বিভাগ ......................

ব্যালট বহি নম্বর ....................

ভোটার নম্বর ......................

......................

নির্বাচন কর্মকর্তার দস্তখত
সীল ও তারিখ

ফরম-ছ

[বিধি-১৭(১) দ্রষ্টব্য]

ক্রমিক নং..................

বোর্ড অব হোমিওপ্যাথিক সিসটেম অব মেডিসিন এর সদস্য নির্বাচন

বিভাগ ......................

নির্বাচন কর্মকর্তার দস্তখত ও ............
সীল

| ক্রমিক নম্বর | প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের নাম | ভোট প্রদানের চিহ্ন 'X' |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |
| ৪। | | |
| ৫। | | |

ফরম-খ

[বিধি-১৯(৫) দ্রষ্টব্য]

(প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ কর্তৃক প্রাপ্ত ভোট বিবরণী)

(ক) বিভাগের নাম ..................................................................................................

প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের নাম প্রাপ্ত ভোটের সংখ্যা

(১)

(২)

(৩)

(৪)

(৫)

(খ) সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর সংখ্যা একাধিক হইলে, লটারীতে বিজয়ী প্রার্থীর নাম :

তারিখ :

....................

নির্বাচন কর্মকর্তার দস্তখত।

উপস্থিত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের প্রতিনিধির দস্তখত

(১)

(২)

(৩)

(৪)

ফরম-ঝ

(বিধি ২০ দ্রষ্টব্য)

ব্যালটপত্রের হিসাব

বিভাগের নাম........................................................

১। ব্যালটপত্রের সংখ্যা ও ক্রমিক নম্বর........................................

২। ভোটারকে সরবরাহ করা হয় নাই এইরূপ ব্যালট-
পত্রের সংখ্যা ও ক্রমিক নম্বর........................................
........................................

৩। ভোটারদিগকে সরবরাহকৃত ব্যালটপত্রের সংখ্যা........................................

৪। বিভিন্নভাবে বাতিলকৃত ব্যালটপত্রের সংখ্যা........................................

৫। জমাকৃত মোট ব্যালটপত্রের সংখ্যা........................................

৬। গণনার সময় বৈধ ও অবৈধ ভোট হিসাবে গণ্য
ব্যালটপত্রের সংখ্যা........................................

........................
নির্বাচন কর্মকর্তার দস্তখত।

তারিখ:

## ফরম-ক

(বিধি ২১ দ্রষ্টব্য)

### নির্বাচিত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের নাম সম্বলিত ঘোষণা

| ক্রমিক নম্বর | বিভাগের নাম | নির্বাচিত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর নাম ও ঠিকানা | মন্তব্য, যদি থাকে |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |
| ৪। | | | |

এতদ্বারা ঘোষণা করা যাইতেছে যে, উপরি-উল্লিখিত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ তাঁহাদের স্ব স্ব নামের বিপরীতে উল্লিখিত বিভাগ হইতে বোর্ডের সদস্য হিসাবে নির্বাচিত হইয়াছেন।

.....................

চেয়ারম্যানের দস্তখত।

তারিখ :

মোঃ শফিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।